

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সীতাকুন্ড, চট্টগ্রাম

স্মারক নং ০০.২০.১৫৮৬.০১৫.৬৯.০৭৮.১৭-৭৩

তারিখঃ ১২ ফেব্রুয়ারি ২০১৭

গণবিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্ধারিত সময়ে মুক্তিযোদ্ধা হিসেবে অন্তর্ভুক্তির জন্য আবেদনকৃত আবেদনকারীদের যাচাই-বাছাই কার্যক্রম আগামী ১৮, ১৯, ২২ ও ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখসমূহে নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী সীতাকুন্ড উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি কর্তৃক পরিচালিত হইবে। নির্ধারিত তারিখে শুধুমাত্র নির্দিষ্ট এলাকার আবেদনকারীদের উপস্থিত হয়ে মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য সকল প্রমাণক ও সহযোদ্ধা স্বাক্ষর সহ হাজির হওয়ার জন্য অনুরোধ করা হল।

মুক্তিযোদ্ধা হিসাবে নতুন অন্তর্ভুক্তির লক্ষ্যে আবেদনকারীদের সঠিকভাবে সনাক্তকরণের জন্য ভারতীয় ও লাল মুক্তিবর্তায় অন্তর্ভুক্ত প্রকৃত মুক্তিযোদ্ধাদের উক্ত যাচাইস্থলে উপস্থিত থেকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।

****যাচাই-বাছাইয়ের স্থান : সীতাকুন্ড পাবলিক লাইব্রেরী (জেলা পরিষদ অডিটরিয়াম সংলগ্ন)**

ক্রঃনং	যাচাই-বাছাইয়ের জন্য নির্ধারিত পৌরসভা/ইউনিয়ন	তারিখ	সময়
১.	১নং সৈয়দপুর ও ২নং বারৈয়াচালা ইউনিয়ন	১৮.০২.২০১৭খ্রিঃ	সকাল ১০:০০টা হতে বিকাল ০৫:০০টা পর্যন্ত
২.	সীতাকুন্ড পৌরসভা, ৪নং মুরাদপুর ও ৫ নং বাড়বকুন্ড ইউনিয়ন	১৯.০২.২০১৭খ্রিঃ	সকাল ১০:০০টা হতে বিকাল ০৫:০০টা পর্যন্ত
৩.	৬নং বাঁশবাড়ীয়া ও ৭নং কুমিরা ইউনিয়ন	২২.০২.২০১৭খ্রিঃ	সকাল ১০:০০টা হতে বিকাল ০৫:০০টা পর্যন্ত
৪.	৮নং সোনাছড়ি, ৯ নং ভাটিয়ারী ও ১০নং সলিমপুর ইউনিয়ন	২৩.০২.২০১৭খ্রিঃ	সকাল ১০:০০টা হতে বিকাল ০৫:০০টা পর্যন্ত

অনুরোধক্রমে


নাজমুল ইসলাম ভূইয়া
উপজেলা নির্বাহী অফিসার
সীতাকুন্ড, চট্টগ্রাম
ও
সদস্য-সচিব

সীতাকুন্ড উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি

তারিখঃ ১২ ফেব্রুয়ারি ২০১৭

স্মারক নং ০০.২০.১৫৮৬.০১৫.৬৯.০৭৮.১৭-৭৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে।


১। জেলা প্রশাসক, চট্টগ্রাম

২। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, চট্টগ্রাম জেলা কমান্ড

৩। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সীতাকুন্ড উপজেলা কমান্ড

৪। জনাব....., সদস্য, সীতাকুন্ড উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি

৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ,ইউনিয়ন কমান্ড, সীতাকুন্ড, চট্টগ্রাম


নাজমুল ইসলাম ভূইয়া
উপজেলা নির্বাহী অফিসার
সীতাকুন্ড, চট্টগ্রাম